

PRINT

# সমকাল

## শিক্ষা ও শিল্পপ্রতিষ্ঠানের মধ্যে নিবিড় সম্পর্ক গড়তে হবে

এশিয়ান ইউনিভার্সিটি প্রেসিডেন্টস ফোরামের সম্মেলনে বক্তারা

১১ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক



শিল্পপ্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় করে বিশ্ববিদ্যালয়ের সিলেবাস তৈরি করতে হবে, যাতে পড়াশোনা শেষে একজন ব্যক্তি সংশ্লিষ্ট বিষয়ে কাজ করতে পারে। কারণ, বর্তমানে বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাকরির বাজারের উপযোগী হিসেবে গড়ে তুলতে পারছে না। গতকাল শনিবার বাংলাদেশে প্রথমবারের মতো আয়োজিত ১৮তম এশিয়ান ইউনিভার্সিটি প্রেসিডেন্টস ফোরামের (এইউপিএফ) সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে দেশি-বিদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের

ভিসি ও রেক্টররা এ কথা বলেন। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আয়োজনে এবং বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সহযোগিতায় তিন দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। গতকাল রাজধানীর র্যাডিসন ব্লুওয়াটার গার্ডেনে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

সম্মেলনের প্রতিপাদ্য বিষয় হলো- 'উদ্যোক্তা শিক্ষার ভবিষ্যৎ ও অভিজ্ঞতালব্ধ জ্ঞান :এশিয়ার অর্থনীতিতে সফল উদ্যোক্তা উন্নয়নের পরিবেশ তৈরির নিয়ামকসমূহ।' বাংলাদেশসহ এশিয়ার ১৫টি দেশের ৪০টি বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট, ভাইস চ্যান্সেলর ও রেক্টর উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। তিন দিনব্যাপী এ সম্মেলনে রয়েছে প্রবন্ধ উপস্থাপন, প্যানেল ডিসকাশন, সদস্য বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর, স্ট্যান্ডিং কমিটির সভা ও পরবর্তী আয়োজক বিশ্ববিদ্যালয়ের হাতে এইউপিএফের পতাকা হস্তান্তর।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বাংলাদেশে প্রথমবারের মতো এইউপিএফ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে, যা নিঃসন্দেহে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর জন্য বিশেষ সুযোগ। বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলো নিজেদের মধ্যে জ্ঞান বিনিময় করতে পারবে। ডা. দীপু মনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাকরির বাজারের উপযোগী হিসেবে গড়ে তুলতে পারছে না। নিয়োগদাতারা অভিযোগ করেন, তারা দক্ষ কর্মী পাচ্ছেন না। এ সমস্যা মোকাবিলায় শিক্ষাপ্রতিষ্ঠান ও শিল্পপ্রতিষ্ঠানের মধ্যে নিবিড় সম্পর্ক গড়ে তোলার আহ্বান জানান তিনি।

এইউপিএফের স্ট্যান্ডিং কমিটির সদস্য ও ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সবুর খান বলেন, এইউপিএফের সহযোগিতা আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সম্প্রীতি বাড়াবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী, মূল প্রবন্ধ উপস্থাপন করেন ওয়ার্ল্ড বিজনেস এনজেলস ইনভেস্টমেন্ট ফোরামের চেয়ারম্যান বেইবার্স আলতুনতাস। বক্তব্য দেন এইউপিএফের পক্ষে দক্ষিণ কোরিয়ার দং সিউ ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ড. জেককি চ্যাং এবং এইউপিএফ-২০১৯-এর আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মাহাবুব-উল হক মজুমদার প্রমুখ।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com